৫৭

দৈনিক সংবাদ

তারিখ 31 MAY 1997
পৃষ্ঠা ১ কলাম ৬

## পূর্বঘোষিত ৫টি হচ্ছে না

# ১২টি পুরনো জেলা শহরে নতুন বিশ্ববিদ্যালয় হবে

॥ রাশেদ আহমেদ ॥

দেশের ৫টি বিশ্ববিদ্যালয় কলেজকে পূর্ণাঙ্গ বিশ্ববিদ্যালয়ে উন্নীত করার কাজ দীর্ঘদিন থেকে স্থগিত হয়ে আছে। শিক্ষা মন্ত্রণালয়ের এক সূত্র জানিয়েছে, ঐতিহ্য-বাহী এই কলেজগুলোকে বিশ্ববিদ্যালয়ে রূপান্তর না করাই বর্তমান সরকারের ইচ্ছা। এর পরিবর্তে মন্ত্রণালয় বর্তমানে বিশ্ববিদ্যালয় নেই এমন ১২টি পুরনো জেলা শহরে নতুন বিশ্ববিদ্যালয় স্থাপন করার যে পরিকল্পনা হাতে নিয়েছে তা দ্রুত বাস্তবায়ন করবে। বিগত বিএনপি সরকারের আমলে ৫টি বিশ্ববিদ্যালয় কলেজকে বিশ্ববিদ্যালয় করার গৃহীত পরিকল্পনার মধ্যে ঢাকার জগন্নাথ বিশ্ববিদ্যালয় কলেজকে পূর্ণাঙ্গ বিশ্ববিদ্যালয় ঘোষণা করেছিলেন তৎকালীন প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া। অন্য ৪টি প্রতিষ্ঠান- ইডেন মহিলা কলেজ, বরিশাল বিএম কলেজ, কুমিল্লা ভিক্টোরিয়া কলেজ এবং রংপুরের কারমাইকেল কলেজকে বিশ্ববিদ্যালয় করার সিদ্ধান্ত নেয়া হয়েছিল। তৎকালীন সরকারের নির্দেশে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন এসব কলেজ পরিদর্শন করে প্রাথমিক রিপোর্টও প্রদান করে। এই রিপোর্ট পাবার পর নতুন বিশ্ববিদ্যালয়ের নিয়মনীতি, আইন প্রণয়নের কাজও চলতে থাকে। কিন্তু বিএনপি সরকার বিদায় নেয়ার পর সেই কাজ স্থগিত হয়ে যায়।

শিক্ষা মন্ত্রণালয়ের অপর এক সূত্র জানায়, ১৯৯৫ সালের ২রা নভেম্বর বেগম খালেদা জিয়া জগন্নাথ কলেজের এক অনুষ্ঠানে জগন্নাথ কলেজকে বিশ্বদ্যিালয় ঘোষণা করেন। তিনি তার একক সিদ্ধান্তে এই ঘোষণা দিয়েছিলেন। এরপর কলেজটি বিশ্ববিদ্যালয় হিসেবে পূর্ণতা না পাওয়ার আগেই খাতাপত্রে বিশ্ববিদ্যালয় লেখা হতে থাকে। ছাত্রছাত্রীরা কলেজে সাইনবোর্ড, নোটিশ বোর্ড ও বিভিন্ন কাগজপত্র থেকে কলেজ শব্দটি তুলে বিশ্ববিদ্যালয় লিখে ফেলে। এমনকি কলেজের প্রিন্সিপাল নিজেকে ভাইস চ্যান্সেলর হিসেবে পরিচয় দেয়া শুরু করেন। পত্র-পত্রিকায় ভর্তি বিজ্ঞপ্তিতে তিনি নিজের পদবি ভিসি হিসেবে প্রকাশ করেন। এসব কর্মকান্ড শিক্ষা মন্ত্রণালয়ের দৃষ্টিগোচর হলে মন্ত্রণালয় থেকে জানানো হয় কলেজটি বিশ্ববিদ্যালয়ে উন্নীত হয়নি শুধু ঘোষণা হয়েছে। বিশ্ববিদ্যালয় করার বিষয়টি প্রক্রিয়াধীন আছে। যতোদিন এটি বিশ্ববিদ্যালয় না হবে ততোদিন কলেজ হিসেবেই পরিগণিত হবে এবং প্রিন্সিপালকে ভিসি লেখা যাবে না। বিএনপি সরকারের পতনের পর আওয়ামী লীগ ক্ষমতায় এলে জগন্নাথ কলেজসহ অন্য ৪টি কলেজ বিশ্ববিদ্যালয় করার

জেলা শহর ঃ পৃঃ ১১ কঃ ৩

## জেলা শহর ঃ বিশ্ববিদ্যালয়

( ১ম পৃষ্ঠার পর )

প্রক্রিয়া স্থগিত হয়ে যায়। এর পরিবর্তে সিদ্ধান্ত নেয়া হয় সরকার দেশের বিভিন্ন স্থানে ১২টি কারিগরি বিশ্ববিদ্যালয় স্থাপন করবে। যেসব পুরনো জেলা শহরে কোন বিশ্ববিদ্যালয় নেই সেসব জেলাতেই এই বিশ্ববিদ্যালয় স্থাপিত হবে। এই মহাপরিকল্পনা বাস্তবায়নে ১৫২ কোটি ৬১ লাখ ৪৫ হাজার টাকার একটি প্রকল্প প্রণয়ন করা হয়েছে। শিক্ষামন্ত্রী এএসএইচকে সাদেক এ পরিকল্পনা দ্রুত বাস্তবায়নের নির্দেশ দিয়েছেন। বর্তমান সরকারের এই সিদ্ধান্তে জগন্নাথ কলেজ, ইডেন কলেজ বিশ্ববিদ্যালয় করার পরিকল্পনা নেই। বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের উর্ধ্বতন সূত্র জানায়, বর্তমান সরকার বিগত বিএনপি সরকারের গৃহীত ৫টি কলেজকে বিশ্ববিদ্যালয় না করার ইচ্ছা পোষণ করেছে। তাই প্রক্রিয়াধীন কাজ অনেকটা এগিয়ে গেলেও এখন থেমে গেছে।